DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 04:34 PM

জাতীয়

তথ্যমন্ত্রী

# বৃক্ষরোপণ কর্মসূচি দীর্ঘমেয়াদি সুরক্ষার কাজ করবে

**প্রতিবেদক: প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি: সংগৃহীত

সরকারের বৃক্ষরোপণ কর্মসূচি ভবিষ্যতে দীর্ঘমেয়াদি সুরক্ষার দায়িত্ব পালন করবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, 'সরকার যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে, জাতি এর সুফল ভোগ করবে।

সোমবার (২৭ জুলাই) বরিশাল সদর উপজেলায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে এসব কথা বলেন জহির উদ্দিন স্বপন।

প্রশাসন, রাজনৈতিক ব্যক্তি, এনজিওকর্মীসহ সমাজের সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধভাবে বৃক্ষরোপণের পর যত্ন নেওয়ার আহ্বান জানান মন্ত্রী। তিনি বলেন, খেয়াল রাখতে হবে গাছগুলো যাতে ক্ষতিগ্রস্ত না হয়। চারাগাছকে শিশুর মতো যত্ন করতে হবে।

এককথায় বৃক্ষরোপণ শেষে বৃক্ষ পরিচর্যাকে গণকর্মসূচিতে রূপান্তরিত করতে হবে।
তথ্যমন্ত্রী বলেন, প্রকল্পটি যদি সুন্দরভাবে শেষ করতে পারি, তবে জাতি এ বৃক্ষরোপণের সুফল ভোগ করবে।

বৃক্ষরোপণ কর্মসূচি শেষে তথ্য ও সম্প্রচার মন্ত্রী সার্কিট হাউস মিলনায়তনে বরিশাল বিভাগের সাংবাদিকদের কল্যাণে করণীয় বিষয়ক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। সেখানে তিনি বলেন, 'সাংবাদিকতা পেশার মর্যাদা রক্ষায় নীতিমালা করতে সরকার কাজ চালাচ্ছে ।কারণ এই পেশার অস্তিত্ব ছাড়া একটি সভ্যসমাজ চলতে পারে না

এ সময় দায়িত্বশীল সাংবাদিকতার আহ্বান জানান তথ্য ও সম্প্রচার মন্ত্রী।

---

## এ বিভাগের আরও খবর



**খাগড়াছড়িতে সেনাবাহিনীর বিনামূল্যে চিকিৎসাসেবা, উপকৃত ৮৬১ রোগী**
দুর্গম পার্বত্য অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। এ...



**ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহে অন্তত এক ঘণ্টা সময় দিতে হবে: প্রধানমন্ত্রী**
রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় তিন মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ উদ্বোধন করেছ...



**জ্বালানি সংকট বর্তমান সরকারের তৈরি নয়, ফ্যাসিস্ট সরকারের তৈরি: প্রধানমন্ত্রী**

গ্যাস-বিদ্যুতের সংকটের কারণে জনগণের যে ভোগান্তি হচ্ছে, সে বিষয়ে সরকার সচেতন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, এই জ্বালান...

---



**যতই প্রভাবশালী হোক, দুর্নীতি করলে ব্যবস্থা নেওয়ার আহ্বান রাষ্ট্রপতির**

দুর্নীতিবাজ যতই প্রভাবশালী হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাকে আইনের আওতায় আনার জন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/brikshropn-krmsuchi-dirghmeyadi-surkshar-kaj-krbe